TIL Tractors India

**TIL Limited**
CIN : L74999WB1974PLC041725
Registered Office:
1, Taratolla Road, Garden Reach
Kolkata-700 024
Ph : 6633-2000, 6633-2845
Fax : 2469-3731/2143
Website : www.tilindia.in

16th November, 2023

The Manager,
Listing Department
National Stock Exchange of India Ltd.,
Exchange Plaza, C-1, Block - G,
Bandra Kurla Complex, Bandra (E),
Mumbai 400 051

Stock Code: TIL

The Secretary,
Listing Department
BSE Ltd.,
P.J. Towers,
Dalal Street, Fort,
Mumbai 400001.

Scrip Code: 505196

Dear Sir/Madam,

**Re: Newspaper Advertisement for release of Unaudited Financial Results of TIL Limited (the Company) for the second quarter and half year ended on 30th September, 2023**

Pursuant to Regulation 47 of the SEBI (listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith a copy of the newspaper advertisement published in "Financial Express" (all Editions), in English and in "Aajkaal" (Kolkata Edition), in Bengali on Thursday, 16th November, 2023 informing about the release of Unaudited Financial Results (both Consolidated and Standalone) of the Company for the second quarter and half year ended on 30th September, 2023 as approved by the Board of Directors of the Company at its meeting held on Tuesday, 14th November, 2023.

Kindly take the same in your records.

Thanking you,

Yours faithfully,
For **TIL LIMITED**

**SEKHAR BHATTACHARJEE**
**COMPANY SECRETARY**

Encl. As above

# মাধ্যমিক: এবার পরীক্ষার্থীর সংখ্যা ১০ লক্ষেরও বেশি

**নীলাঞ্জনা সান্যাল**

আগামী বছর ফের বাড়তে চলেছে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা। ২০২৪ সালের মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ১০ লক্ষ ছাড়িয়ে যেতে চলেছে। তবে পরীক্ষার্থীর সংখ্যা বাড়লেও পরীক্ষা কেন্দ্রের সংখ্যা কমছে আগামী বছরের মাধ্যমিকে। পরীক্ষা কেন্দ্রের সংখ্যা কমায় সরকারি কর্মী, যাঁরা অফিসার ইনচার্জের দায়িত্ব সামলাতেন, তাঁদের সংখ্যাও কমছে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের সংখ্যা কমিয়ে মাধ্যমিক পরীক্ষা পরিচালন ব্যবস্থা থেকে সরকারি কর্মীদের সংখ্যা কমাচ্ছে মধ্য শিক্ষা পর্ষদ। শুধু অফিসার ইনচার্জ নয়, সেন্টার সেক্রেটারির সংখ্যাও কমছে।

এ বছর মাধ্যমিকের পরীক্ষার্থীর সংখ্যা কমার পেছনে ছিল কেন্দ্রের শিক্ষার অধিকার আইনের একটি নিয়ম। যার জেরে ২০১৩–১৪ শিক্ষাবর্ষে রাজ্যের স্কুলগুলিতে প্রথম শ্রেণিতে পড়ুয়া ভর্তির সংখ্যা ছিল কম। তারই প্রভাব পড়েছিল মাধ্যমিকে। কিন্তু আগামী বছর আবার বিগত বছরগুলির মতো পরীক্ষার্থীর সংখ্যা ১০ লক্ষ ছাড়িয়ে যাবে বলেই মনে করছে পর্ষদ। এ বছর মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৭ লক্ষের কাছাকাছি। বিগত বছরগুলির তুলনায় যা ছিল অনেকটাই কম।

পরীক্ষা কেন্দ্রের সংখ্যা কমার কারণ হিসেবে পর্ষদের বক্তব্য, পরীক্ষা ব্যবস্থাকে আরও ভালভাবে নিয়ন্ত্রণ ও পর্যবেক্ষণ করার জন্যই এটা করা হয়েছে। তাছাড়া অনেক ক্ষেত্রে অফিসার ইনচার্জের দায়িত্ব পালন করবেন এমন সরকারি কর্মী পাওয়ার ক্ষেত্রেও সমস্যা হয়। একই সঙ্গে আগামী বছরের মাধ্যমিক পরীক্ষায় নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করতে নতুন একটি কমিটি গঠনেরও সিদ্ধান্ত নিয়েছে পর্ষদ। ডিস্ট্রিক্ট নোডাল অ্যাডভাইজারি নামে এই কমিটি গঠন করা হবে। পর্ষদ সূত্রে খবর, যে সব জেলায় একটি মহকুমা রয়েছে সেখানে এই কমিটির সদস্য সংখ্যা হবে দুই। আর একাধিক মহকুমা রয়েছে যে জেলায় সেখানে কমিটির সদস্য সংখ্যা হবে তিন। প্রসঙ্গত, আগামী বছরের মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে ২ ফেব্রুয়ারি থেকে।

এ বছর পরীক্ষার্থীর সংখ্যা তুলনায় কম থাকলেও পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ছিল ২ হাজার ৮৬৭টি। আগামী বছর সব মিলিয়ে ২০০টির মতো পরীক্ষা কেন্দ্র কমছে। আগে এক একটি কেন্দ্রে ৩০০ থেকে ৩৫০ জন করে পরীক্ষার্থী বসে পরীক্ষা দিত। এবার সেই সংখ্যাটা বাড়িয়ে ৩৫০ থেকে ৮০০ করা হয়েছে। বেশ কিছু পরীক্ষা কেন্দ্র এই কারণে বদল হয়েছে। এ বছর সিঙ্গল ভেনু অর্থাৎ একটা কেন্দ্র একটাই ভেনু— এমন কেন্দ্রের সংখ্যা বেশি ছিল। এর ফলে কেন্দ্রের সংখ্যা বেশি ছিল। অর্থাৎ অফিসার ইনচার্জের সংখ্যা বেশি ছিল। এ বছর বলা হয়েছে প্রত্যেক কেন্দ্র অর্থাৎ মূল ভেনুর অধীনে সাব–ভেনু থাকতেই হবে। তবে জাতীয় সড়ক বা নদী পেরিয়ে যেতে হবে এমন ক্ষেত্রে ছাড় দেওয়া হয়েছে। এই মূল ভেনুর সংখ্যাই এবার গতবারের তুলনায় ২০০টির মতো কমানো হচ্ছে। এই ভেনুগুলোর অধীনে থাকা সাব–ভেনুর সংখ্যা আবার সেই কারণে ৩০–৩৫টির মতো বেড়েছে। পরীক্ষা পরিচালন ব্যবস্থার সঙ্গে যুক্ত থাকেন অফিসার ইনচার্জ, সেন্টার সেক্রেটারি, ভেনু সুপারভাইজার এবং অতিরিক্ত ভেনু সুপারভাইজার। সেন্টার সেক্রেটারি হল ওই নির্দিষ্ট স্কুলের প্রধান শিক্ষক বা দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষক। মূল ভেনুর ক্ষেত্রে ভেনু সুপারভাইজার হন সহকারী প্রধান শিক্ষক। সাব–ভেনুর ক্ষেত্রে প্রধান শিক্ষক। আর অতিরিক্ত ভেনু সুপারভাইজার হন পর্ষদ মনোনীত অন্য স্কুলের শিক্ষক। পর্ষদ যাঁদের মাধ্যমে পরীক্ষা ব্যবস্থাকে সরাসরি ‘কন্ট্রোল’ করে সেই অফিসার ইনচার্জের সংখ্যা এবার কমিয়ে আনা হয়েছে। এ নিয়ে পশ্চিমবঙ্গ প্রধান শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক কৃষ্ণাংশু মিশ্র বলেন, ‘মূল ভেনুর সংখ্যা কমানোর ফলে মনিটরিংয়ের ক্ষেত্রে সুবিধা যেমন হবে তেমনি পর্ষদের খরচ বাঁচবে। তবে ভেনুর সংখ্যা বাড়িয়ে স্কুলের ৫ কিমির মধ্যে পরীক্ষা কেন্দ্র হলে ছাত্রছাত্রীদের সুবিধা হত।’



সাহিত্য অকাদেমির পাঠাগারে শিশুদের বিভাগ শুরু হল। বুধবার এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অকাদেমির আঞ্চলিক সচিব দেবেন্দ্রকুমার দেবেশ, রাজ্যের শিক্ষামন্ত্রী, অকাদেমির বাংলার উপদেশক পর্ষদের আহ্বায়ক ব্রাত্য বসু, সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়, অকাদেমির সচিব কে শ্রীনিবাস রাও। সঙ্গে ছোটরা। এদিন অকাদেমিতে বাংলা ভাষায় শিশুসাহিত্য নিয়ে বিভিন্ন আলোচনাচক্রের আয়োজন করা হয়েছিল। ছবি: আজকাল

# জগৎপুরে উদ্ধার হওয়া কঙ্কালটি মহিলারই

**আজকালের প্রতিবেদন**

বাগুইআটির জগৎপুরে তালাবন্ধ ফ্ল্যাটে সিল–করা ড্রামের ভেতর উদ্ধার হওয়া কঙ্কালটি এক মহিলার। ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্ট থেকে এমনটাই জানতে পেরেছে বিধাননগর কমিশনারেটের পুলিশ। তবে কত দিন আগে তাঁর মৃত্যু হয়েছে, তা এখনও স্পষ্ট নয়। আরও পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান চলছে।

এদিকে, নরকঙ্কাল উদ্ধারের এই ঘটনায় পুলিশের র‍্যাডারে এক দম্পতি। নেপালের বাসিন্দা এই দম্পতিই চিকিৎসক গোপাল মুখার্জির জগৎপুরের বাড়ির ৪ তলার ওই ফ্ল্যাটটি ভাড়া নিয়েছিলেন। বছর দুয়েক আগে তাঁরা ফ্ল্যাট ছেড়ে অন্যত্র চলে গেলেও ভাড়া দিয়ে যাচ্ছিলেন। ফ্ল্যাটের চাবিও ছিল তাঁদের কাছে। মাঝে বেশ কয়েক মাস ভাড়ার টাকা বকেয়া ছিল। মাস তিনেক ভাড়াটিয়া মহিলা ফোন করে মালিককে বলেন, ‘টাকার একটু অসুবিধা রয়েছে, তাই

## খোঁজ চলছে ভাড়াটে দম্পতির

ভাড়া দিতে দেরি হচ্ছে।’ কিন্তু এরপর থেকে আর যোগাযোগ করেননি তাঁরা। ভাড়ার টাকাও পাঠাননি। তাই গোপালবাবু নতুন করে ফ্ল্যাটটি ভাড়া দেওয়ার জন্য তালা ভেঙে ভেতরে ঢোকেন। মঙ্গলবার ফ্ল্যাটটি ঘর পরিষ্কারের সময় তিনি দেখেন শৌচাগারের ভেতরে প্লাস্টিকের নীলরঙের একটি বড় ড্রাম। ড্রামের মুখ সিমেন্ট দিয়ে প্লাস্টার করা। বাগুইআটি থানার পুলিশ এসে যন্ত্র দিয়ে সিমেন্ট কেটে ভেতর থেকে কঙ্কালটি উদ্ধার করে। দেহটিও হোয়াইট সিমেন্ট দিয়ে প্লাস্টার করা অবস্থায় পাওয়া যায়। অনুমান, দুর্গন্ধ যাতে না বেরোয় তার জন্য জলে সিমেন্ট গুলে ফেলে দেওয়া হয়েছিল ড্রামের ভেতরে।

জানা গেছে, বাঁ হাতের আঙুলের মধ্যমা ও অনামিকার একাংশ মেলেনি দেহে। তাহলে কি আঙুল কাটা হয়েছিল? পুলিশ সূত্রে খবর, দীর্ঘদিন ওইভাবে পড়ে থাকায় সিমেন্টে আঙুলের হাড় আটকেও এমন অবস্থা হতে পারে।

ময়নাতদন্তের রিপোর্টে কঙ্কালটি মহিলার, এ বিষয়ে পুলিশ নিশ্চিত হলেও তাঁর পরিচয় এখনও জানতে পারেনি। কোথাও কেউ দীর্ঘদিন নিখোঁজ আছেন কি না, তার খোঁজ চলছে। একইসঙ্গে খোঁজ চলছে নেপালের বাসিন্দা ভাড়াটে দম্পতির। মালিককে তিন মাস আগে ফোন করলেও, ভাড়াটে মহিলা আচমকা কেন যোগাযোগ বন্ধ করে দিলেন? এ নিয়ে রহস্য বাড়ছে। পুলিশ সূত্রে খবর, মালিকের কাছে ভাড়ার চুক্তিপত্র দেখতে চাইলেও তিনি এখনও তা দেখাননি। বিভিন্ন সময় বিভিন্ন ধরনের কথা বলছেন বাড়ির মালিক। কখনও বলছেন তিন মাস আগে ফোন করেছিলেন ভাড়াটে মহিলা, আবার কখনও বলছেন ছ’মাস। তাই তাঁকেও তদন্তের আওতায় রাখা হয়েছে। খুনের মামলা রুজু করে তদন্ত চলছে। জিজ্ঞাসাবাদ করা হচ্ছে মালিকের আত্মীয়, ভাড়াটে এবং বাড়িতে যাঁরা যাতায়াত করতেন, তাঁদেরও।

# কেষ্টপুরে এবার ঘরে ঘরে ‘মিষ্টি’ জল দেবে পুরসভা

**শান্তনু সিংহরায়**

কেষ্টপুর এলাকার ঘরে ঘরে এবার পৌঁছে যাবে ‘মিষ্টি’ জল। এনিয়ে ব্যাপক প্রস্তুতি শুরু করেছে বিধাননগর পুরনিগম। ২২ থেকে ২৬ নম্বর ওয়ার্ড এলাকাজুড়ে জলের পাইপ লাইন পাতা এবং বাড়ি বাড়ি জলের সংযোগ দেওয়ার কাজ হবে। একইসঙ্গে পানীয় জলের অপচয় ঠেকাতে প্রতিটি বাড়িতে জলের মিটার বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। বাড়িতে কত গ্যালন জল ব্যবহার হচ্ছে আর কতটা অপচয় হচ্ছে, তার হিসেব দেবে এই মিটার।

বিধাননগর পুরনিগমের কেষ্টপুর এলাকার ওই ৫টি ওয়ার্ডে অর্থাৎ ২২ থেকে ২৬ নম্বর ওয়ার্ডে আগেই অটলমিশন ফর রিজুভেনেশন অ্যান্ড আরবান ট্রান্সফর্মেশন (অম্রুত) প্রকল্পে পরিস্রুত পানীয় জল সরবরাহের সিদ্ধান্ত হয়েছিল। সেই অনুযায়ী পাইপ লাইন পাতা, জলাধার নির্মাণ-সহ আনুষঙ্গিক কাজ হয়। কিছু এলাকায় ইতিমধ্যেই পৌঁছে গেছে পরিস্রুত পানীয় জল অর্থাৎ মিষ্টি জল। কিন্তু সর্বত্র এই জল পৌঁছোয়নি, বিশেষত গলি এলাকায়। এবার সর্বত্র অর্থাৎ ঘরে ঘরে মিষ্টিজল দেওয়ার কাজ শুরু হবে। বিধাননগর পুরনিগমের মেয়র পারিষদ (জল সরবরাহ) তুলসী সিন্‌হা রায় বলেন, ‘২২ থেকে ২৬ নম্বর ওয়ার্ডে জলের পাইপ লাইন পাতা এবং বাড়িতে জলের মিটার বসানোর জন্য দরপত্র ডাকার কাজ হয়ে গেছে। এর ভিত্তিতে ওয়ার্ক অর্ডারও হয়েছে। কালীপুজো ও ভাইফোঁটার পর কাজ শুরু হবে।’

বিধাননগর পুরসভা, রাজারহাট–গোপালপুর পুরসভা ও নিউ টাউনের পঞ্চায়েত এলাকা নিয়ে বিধাননগর পুরনিগম গঠিত হলেও ভূপৃষ্ঠের পরিস্রুত পানীয় জল অর্থাৎ টালা–পলতার মিষ্টি পানীয় জল আগে পেত শুধু সল্টলেক। রাজারহাট–গোপালপুরের গোটা এলাকা ও পঞ্চায়েত মাটির নীচের জলের ওপর নির্ভরশীল ছিল। এমনকী বিধাননগর পুরসভার সংযুক্ত এলাকা বলে পরিচিত সল্টলেকের ২৮, ৩৫ ও ৩৬ ওয়ার্ডের মানুষও পান ভূগর্ভস্থ জল। তৃণমূল পুরবোর্ড ক্ষমতায় এসে পুরনিগম এলাকার সর্বত্র মিষ্টিজল পৌঁছে দেওয়ার কর্মসূচি নেয়। টালা– পলতা থেকে বাড়তি জল আনার ব্যবস্থার পাশাপাশি নিউ টাউনের জল–প্রকল্প থেকে রাজারহাটের বাসিন্দাদের জন্য মিষ্টিজল সরবরাহের ব্যবস্থা হয়। এরজন্য বিশেষ উদ্যোগ নেন মেয়র কৃষ্ণা চক্রবর্তী। সেইমতো জলাধার নির্মাণ ও পাইপ লাইন পাতার কাজ শুরু হয়। তুলসী সিন্‌হা রায় জানান, সল্টলেকের ২৮, ৩৫ ও ৩৬ নম্বর ওয়ার্ডেও মিষ্টিজল সরবরাহের জন্য পাইপ লাইন পাতা ও বাড়িতে মিটার বসানোর কাজ হবে। এরপর ১ থেকে ২১ নম্বর ওয়ার্ডেও এই কাজ শুরু করা হবে।

# জয়নগরে শান্তি ফিরছে

● ১ পাতার পর

এ বিষয়ে স্থানীয় তৃণমূল কর্মী–সমর্থকদের বক্তব্য, আনসার ওই দলুয়াখাঁকি গ্রামের বাসিন্দা। বাম রাজনীতির সঙ্গে যুক্ত। তদন্তে সব দিকই দেখছে পুলিশ। কিন্তু খুন করল কে? খুন করাল কে? এই দুটি প্রশ্নের উত্তর এখনও খুঁজে পায়নি পুলিশ। যাঁদের সন্দেহ করা হচ্ছে, তাঁদের বাইরে এমন একাধিক ব্যক্তি জড়িত রয়েছে কি না, সেটিও দেখছে পুলিশ। স্থানীয় তৃণমূল কর্মীদের দাবি, খুনিরা বহিরাগত। টাকার বিনিময়ে তাদের কাজে লাগানো হয়েছে। কে এই নাসির? পুলিশ জানতে পেরেছে, কলকাতায় নাসিরের যাতায়াত রয়েছে পুরনো জিনিসপত্র কেনাবেচার ব্যবসায়। সাইফুদ্দিন লস্কর সোমবার ভোর ৫টা নাগাদ খুন হয়েছিলেন। পুলিশের সন্দেহ, নাসির তার আগের রাতেই জয়নগরে ছিলেন। নাসিরকে ওই এলাকার লোকজন আগে দেখেছেন কি না, তা নিয়ে অবশ্য নিশ্চিত কোনও তথ্য পায়নি পুলিশ।

খুনের চক্রান্তকারী এবং খুনিরা জেলার বাইরে পালিয়ে গিয়ে থাকতে পারে। সে জন্য সমস্ত জায়গাতেই ‘মেসেজ’ পাঠিয়ে রেখেছে জেলা পুলিশ। তবে, একটি বিষয় পুলিশের কাছে আপাতত স্পষ্ট, খুনের নেপথ্যে স্থানীয় দুষ্কৃতীদের কেউ অবশ্যই জড়িত।

## শব্দবাজি, অভব্যতা, গ্রেপ্তার ৪৭৮

**শব্দবাজি পোড়ানো এবং মাতলামির জন্য মঙ্গলবার রাতে পুলিশ গ্রেপ্তার করেছে ২৩৯ জনকে। এছাড়াও উদ্ধার হয়েছে ৩০ কেজি শব্দবাজি। এছাড়াও কলকাতা ট্রাফিক পুলিশ হেলমেট না পরে বাইক চালানো, বেপরোয়া গাড়ি চালানো, মদ খেয়ে গাড়ি চালানো–সহ বিভিন্ন ধারায় মোট ২৩৯ জনকে গ্রেপ্তার করেছে। কালীপুজোর দিন এবং তারপর এখনও পর্যন্ত বিভিন্ন মামলায় প্রায় ২ হাজার জনকে ধরেছে পুলিশ।**

## গাড়িতে ধাক্কা

**ভাঙড়ের বিধায়ক নওশাদ সিদ্দিকির গাড়ি বাইপাসে কলকাতা হাইকোর্টের এক বিচারপতির গাড়িতে ধাক্কা মারল। এই নিয়ে তর্কাতর্কি শুরু হলে, অভিযোগ, বিচারপতির গাড়ির চালককে চড় মেরেছেন নওশাদের গাড়ির চালক। গড়ফা থানায় মামলা হয়েছে। মঙ্গলবার জয়নগর থেকে ফেরার সময় এই ঘটনা ঘটেছে বলে জানা গেছে। পুলিশ গোটা বিষয়টি খতিয়ে দেখছে।**

## ছাত্রীর রহস্য-মৃত্যু

আনন্দপুর থানা এলাকার একটি বেসরকারি কলেজের হস্টেল থেকে এক ছাত্রীর দেহ উদ্ধার করে পুলিশ। তাঁর সঙ্গে যাঁরা হস্টেলে থাকতেন, তাঁরা ছুটিতে ছিলেন। ওই ছাত্রী হস্টেলে একাই ছিলেন। বুধবার সকালে দেহ উদ্ধার করা হয়। কেন এই ঘটনা, পুলিশ খতিয়ে দেখছে।

## ২ অস্বাভাবিক মৃত্যু

নিউ মার্কেট এলাকায় এক পথবাসীর দেহ উদ্ধার করল পুলিশ। বয়স আনুমানিক ৪০। এসএন ব্যানার্জি রোডের ফুটপাথে অচৈতন্য অবস্থায় পড়ে ছিলেন ওই ব্যক্তি। হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। অন্যদিকে, গড়িয়াহাটে ৪ তলার একটি বাড়িতে রং করার সময় হঠাৎই দড়ি ছিঁড়ে নীচে পড়ে যান সামসুদ্দিন মিস্ত্রি নামে এক যুবক। তাঁর বাড়ি মহেশতলায়। গুরুতর জখম অবস্থায় হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

## ছোটাছুটি করে মৃত্যু

টানা তিন ঘণ্টা ছোটাছুটি করে শেষ পর্যন্ত মারা গেল বাইসন (ইন্ডিয়ান গাউর)। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার জেলার তপসীখাতা এলাকায়। জানা গেছে, জলদাপাড়া জাতীয় উদ্যান থেকে বের হয়ে লোকালয়ে ঢুকে পড়ে প্রাণীটি। শালবাড়ি তপসীখাতা এলাকায় দাপিয়ে বেড়ায়। ছোটাছুটি করতে গিয়ে আঘাতও লাগে।

# থানায় যুবকের মৃত্যু, উত্তেজনা

**আজকালের প্রতিবেদন**

বুধবার সন্ধ্যায় আমহার্স্ট স্ট্রিট থানায় জিজ্ঞাসাবাদের জন্য এক যুবককে ডেকে পাঠায় পুলিশ। থানার মধ্যেই হঠাৎ অসুস্থ বোধ করেন ওই যুবক। পুলিশ সঙ্গে সঙ্গেই তাঁকে হাসপাতালে নিয়ে যায়। চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। ওই যুবকের নাম অশোক সিং। পরিবারের লোকজন ও স্থানীয় বাসিন্দাদের একাংশ অভিযোগ তোলেন, মারধর করেছে পুলিশ, তাতেই মৃত্যু হয়েছে। এই অভিযোগে উত্তাল হয়ে ওঠে এলাকা। আমহার্স্ট স্ট্রিট, কলেজ স্ট্রিট এলাকায় শুরু হয় পথ অবরোধ, বিক্ষোভ। দীর্ঘক্ষণ যান চলাচল বন্ধ হয়ে যায়। বিষয়টি জানতে পেরে ডিসি (সেন্ট্রাল) দীনেশ কুমার ঘটনাস্থলে বিরাট বাহিনী নিয়ে যান। তদন্ত করে গোটা বিষয়টি দেখা হবে বলে তিনি আশ্বাস দিয়েছেন। কিছুদিন আগে অশোক সিং একটি মোবাইল কিনেছিলেন। এরপর বুধবার পুলিশ তাঁকে ফোন করে বলে, মোবাইলটি ফেরত দিতে। কেন না, সেটি নাকি চোরাই মোবাইল। থানায় গেলে হঠাৎই অসুস্থ হয়ে পড়েন অশোক সিং। তাঁর মৃত্যুর খবর পাওয়ার পর অবরোধ শুরু করেন।

# রহস্য-মৃত্যু, মারধরের অভিযোগ

**আজকালের প্রতিবেদন:** বুধবার সকালে মানিকতলায় এক ব্যক্তির রহস্যমৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। মৃত ব্যক্তির নাম অনিল রজক। তিনি ভর্তি ছিলেন আরজি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে। জানা গেছে, মৃত ব্যক্তি পেশায় মোটর মেকানিক। পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করেছে। এই মৃত্যুর পেছনে অনিলবাবুর সহকর্মীদের দাবি, তাঁকে মারধর করা হয়েছিল। এবং সেই কারণেই তাঁর মৃত্যু হয়েছে। যদিও পরিবারের তরফে থানায় কোনও অভিযোগ দায়ের করা হয়নি। কিছুদিন আগে অনিলবাবুর তলপেটে অসহ্য ব্যথা শুরু হয়। পরিবারের সদস্যরা হাসপাতালে ভর্তি করেন। কিন্তু কিছুক্ষণের মধ্যেই চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। ক্যানাল ইস্ট রোডের বাসিন্দা অনিল রজক স্থানীয় একটি গ্যারাজে কাজ করতেন।

# সুরাট থেকে শিক্ষা নিয়ে বাড়তি সতর্ক পূর্ব রেল

**তরুণ চক্রবর্তী**

ছটপুজোয় ঘরে ফিরতে গিয়ে মোদি–শাহের রাজ্যে পদপিষ্ট হয়ে প্রাণ হারান এক ব্যক্তি। জখম হন আরও বহু যাত্রী। গুজরাটের সুরাটের ঘটনা থেকে শিক্ষা নিয়ে ছটপুজোয় এবার বাড়তি সতর্ক পূর্ব রেল। উৎসব স্পেশ্যাল ট্রেন চালানোর পাশাপাশি যাত্রী নিরাপত্তায় বাড়তি গুরুত্ব দেওয়া হচ্ছে। পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে কালীপুজোয় বাড়তি নজরদারি চোখে পড়ে। শিয়ালদায় ভিড় নিয়ন্ত্রণের বিষয়টি ডিআরএম দীপক নিগম নিজে নজরদারি চালান বলে জানা গিয়েছে। ছুটির দিনেও রেলের উচ্চপদস্থ অফিসার ও কর্মীরা ব্যস্ত ছিলেন ভিড় নিয়ন্ত্রণে। রেল সূত্রে খবর, আসন্ন জগদ্ধাত্রী পুজোতেও চন্দননগরকে ঘিরে বাড়তি উদ্যোগ নেওয়া হচ্ছে।

প্রতিবারের মতো এবারও কালীপুজোয় লোকাল ট্রেনে উপচে পড়েছিল ভিড়। শিয়ালদা ছাড়াও নৈহাটি, বারাসত ও মধ্যমগ্রামে ভিড় ছিল চোখে পড়ার মতো। সেই ভিড় নিয়ন্ত্রণে বিশেষ ব্যবস্থা নিয়েছিল শিয়ালদা ডিভিশন। আরপিএফ ছাড়াও ইলেক্ট্রিক্যাল, মেডিক্যাল ও অপারেশনাল ইউনিটের সদস্যরা সমন্বয়ের মাধ্যমে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করেন। সর্বত্রই বাড়তি কর্মী মোতায়েন ছিল। খোলা হয়েছিল বাড়তি টিকিট কাউন্টার। সেইসঙ্গে আগে থেকেই মোবাইলে টিকিট কাটার ইউটিএস অ্যাপ সম্পর্কে যাত্রীদের সচেতনও করেন রেলকর্মীরা। সিসি টিভির নজরদারিও ছিল। কালীপুজোর পর এবার ছটপুজো ও জগদ্ধাত্রী পুজো এবং রাসযাত্রাতেও বাড়তি প্রস্তুতি থাকছে। এ ছাড়াও উৎসবের মরশুমে একাধিক স্পেশ্যাল ট্রেন চালাচ্ছে পূর্ব রেল। টিকিটের চাহিদার কথা মাথায় রেখে নিউজলপাইগুড়ি, পাটনা, দিল্লি ও পুরী–সহ বিভিন্ন রুটে এই স্পেশ্যাল ট্রেনগুলি চলছে।

# ভারী বৃষ্টি আসছে

● ১ পাতার পর

গভীর নিম্নচাপের বেশি প্রভাব পড়বে সুন্দরবন অঞ্চলে। বুধবার পূর্বাভাসে এমনটাই জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। পাশাপাশি শনিবার পর্যন্ত মৎস্যজীবীদের সাগরে মাছ ধরতে যাওয়ার বিষয়ে নিষেধাজ্ঞা জারি হয়েছে।

মঙ্গলবার আন্দামানের কাছে একটি নিম্নচাপ দানা বেঁধে ছিল। বুধবার সেটি শক্তি বাড়িয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়ে ঘণ্টায় ১৩ কিলোমিটার বেগে উত্তর–পশ্চিম দিকে এগিয়ে বিশাখাপত্তনমের ৪৭০ কিলোমিটার দক্ষিণ–পূর্বে এবং দিঘা থেকে ৭৭০ কিলোমিটার দক্ষিণে অবস্থান করে ছিল। আবহাওয়া দপ্তর জানিয়েছে, বৃহস্পতিবার সকালে গভীর নিম্নচাপটি অতি গভীরে পরিণত হবে। চলে আসবে অন্ধ্রপ্রদেশের উপকূলের কাছে। এরপর এটি উত্তর ও উত্তর–পূর্ব দিকে বাঁক নিয়ে ওড়িশা উপকূলের দিকে এগোতে শুরু করবে। এই সময় থেকেই গাঙ্গেয় দক্ষিণবঙ্গের উপকূলের জেলাগুলিতে বৃষ্টি শুরু হবে। অতি গভীর নিম্নচাপটি যত বাংলার উপকূলের দিকে এগোবে, তত সংলগ্ন জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়তে থাকবে। শনিবার সকালে অতি গভীর নিম্নচাপটি ওড়িশা ও বাংলার উপকূলে চলে আসবে। এটি যত বাংলার উপকূলের দিকে এগোবে তত সমুদ্র উত্তাল হবে। ঝড়ের গতি বাড়বে। যা বজায় থাকবে শনিবার সকাল পর্যন্ত। তারপর ঝড়ের গতি কমতে শুরু করবে। তবে বৃষ্টি চলবে।

নিম্নচাপের প্রভাবে বুধবার বেলার পর থেকে আকাশ মেঘলা হতে শুরু করে। রাতের দিকে দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুরের উপকূলের দিকে হালকা বৃষ্টিও হয়। বৃহস্পতিবার থেকে বৃষ্টির পরিমাণ যত বাড়বে তত কমবে সর্বোচ্চ তাপমাত্রা। তবে বেড়ে যাবে সর্বনিম্ন তাপমাত্রা। শুক্রবার কলকাতার সর্বোচ্চ তাপমাত্রা নামতে পারে ২৭ ডিগ্রি সেলসিয়াসের আশপাশে, সর্বনিম্ন ২৩–এ।

আবহাওয়া দপ্তর জানিয়েছে, ভারী বৃষ্টির কারণে শহরের নীচু এলাকাগুলি জলমগ্ন হওয়ার সম্ভাবনা রয়েছে। হতে পারে যানজট। ক্ষতি হতে পারে ধান–সহ অন্যান্য ফসলের।


## TIL Limited

Regd. Office : 1, Taratolla Road, Garden Reach, Kolkata 700 024, Tel : +91 33 6633 2000 / 2845, Fax : +91 33 2469 2143 / 3731

CIN : L74999WB1974PLC041725, Website : www.tilindia.in

**Extract of Unaudited Standalone and Consolidated Financial Results for Three Months and Six Months Ended 30th September 2023**

₹ in Lakhs except Earnings Per Share

| Sl. No. | Particulars | STANDALONE | | | | | | CONSOLIDATED | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Three months ended | | | Six months ended | | Twelve months ended | Three months ended | | | Six months ended | | Twelve months ended |
| | | 30th September 2023 | 30th June 2023 | 30th September 2022 | 30th September 2023 | 30th September 2022 | 31st March 2023 | 30th September 2023 | 30th June 2023 | 30th September 2022 | 30th September 2023 | 30th September 2022 | 31st March 2023 |
| | | Unaudited | Unaudited | Unaudited | Unaudited | Unaudited | Audited | Unaudited | Unaudited | Unaudited | Unaudited | Unaudited | Audited |
| 1. | Total Income from Operations | 2,031 | 353 | 401 | 2,384 | 2,384 | 5,469 | 2,033 | 353 | 400 | 2,386 | 2,387 | 5,053 |
| 2. | Profit / (Loss) for the period (Before Tax, Exceptional and / or Extraordinary Items) | (2,187) | (2,941) | (2,255) | (5,128) | (4,633) | (9,209) | (2,194) | (2,941) | (2,257) | (5,135) | (4,634) | (9,472) |
| 3. | Profit / (Loss) for the period Before Tax (after Exceptional and / or Extraordinary Items) | (2,187) | (53) | (2,255) | (2,240) | (4,633) | (9,209) | (2,194) | (53) | (2,257) | (2,247) | (4,634) | (9,472) |
| 4. | Profit / (Loss) from Ordinary Activities After Tax (after Extraordinary Items) | (2,028) | 95 | (2,154) | (1,933) | (4,476) | (8,828) | (2,035) | 95 | (2,156) | (1,940) | (4,477) | (9,102) |
| 5. | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (After Tax) and Other Comprehensive Income (After Tax)] | (2,046) | 77 | (2,166) | (1,969) | (4,501) | (8,901) | (2,052) | 78 | (2,150) | (1,974) | (4,460) | (9,138) |
| 6. | Equity Share Capital (Face Value ₹ 10/- each) | 1,003 | 1,003 | 1,003 | 1,003 | 1,003 | 1,003 | 1,003 | 1,003 | 1,003 | 1,003 | 1,003 | 1,003 |
| 7. | Reserves (Other Equity) | | | | | | (30,210) | | | | | | (30,239) |
| 8. | Earnings Per Share (Face Value of ₹ 10/- each) # | | | | | | | | | | | | |
| | (a) Basic (₹) | (20.22) | 0.95 | (21.48) | (19.27) | (44.62) | (88.01) | (20.29) | 0.95 | (21.49) | (19.34) | (44.63) | (90.75) |
| | (b) Diluted (₹) | (20.22) | 0.95 | (21.48) | (19.27) | (44.62) | (88.01) | (20.29) | 0.95 | (21.49) | (19.34) | (44.63) | (90.75) |

\# Figures for three months and six months ended are not annualized.

**Notes :**

1) The above Unaudited Standalone and Consolidated Financial Results for the six months ended 30th September 2023, drawn in terms of Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their meeting held on 14th November 2023 at Kolkata and have been subjected to "Limited Review" by the Statutory Auditors of the Company.

2) The Sahibabad property, located at Plot No. 11, Site No. 4, Industrial Area, Ghaziabad, Sahibabad - 201010, was categorized as Asset Held for Sale during financial year 2022-2023. The said property has been disposed off during the quarter ended 30th June 2023 and the net gain has been disclosed as Exceptional Items.

3) The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results is available on the Stock Exchange websites (**www.bseindia.com / www.nseindia.com**) and on the Company's website **www.tilindia.in**.

4) Figures for the previous periods / year have been regrouped / reclassified wherever necessary to conform to current period's classification.

Place : Kolkata
Date : 14th November, 2023

For TIL Limited
**Manju Mazumder**
Director